

বাংলাদেশ দূতাবাস
মাদ্রিদ, স্পেন
জরুরী বিজ্ঞপ্তি

নং : এমআরডি/মাদ্রিদ/কনসুলার/২০১৭

তারিখঃ ০৬.১০.২০১৭

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০.১০.২০১৭ তারিখ শুক্রবার এবং ২১.১০.২০১৭ তারিখ শনিবার বাসেলোনা এবং এর আশেপাশের এলাকায় বসবাসরত বাংলাদেশীদের মাঝে কনসুলার সেবা প্রদান করা হবে।

- সিরিয়াল গ্রহণ ব্যতীত কোনো ব্যক্তির পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে না।
- পাসপোর্টের ফিঙ্গার প্রিন্ট প্রদানের জন্য কনসুলেট অফিস, বাসেলোনা হতে সিরিয়াল গ্রহণ করতে হবে।
- টেলিফোনে কোন সিরিয়াল প্রদান করা হবে না।
- সিরিয়াল গ্রহণের সময় পাসপোর্ট অথবা জন্ম সনদের ফটোকপি দেখাতে হবে এবং তা জমা দিতে হবে।
- ০৬ বছরের কম বয়সী শিশুদের জন্য সিরিয়াল গ্রহণের প্রয়োজন নেই। যাদের পুরাতন ডিজিটাল পাসপোর্ট আছে যদি তাদের পাসপোর্টের মেয়াদ ০২ মাস থেকে থাকে তবে তাদের সিরিয়াল নেয়ার প্রয়োজন নাই। তাদের ফর্ম শুধুমাত্র ২১.১০.২০১৭ তারিখ শনিবার জমা নেয়া হবে।
- এ সময় যারা বাসেলোনায় পাসপোর্টের জন্য ফিঙ্গার প্রিন্ট দিতে চান অগ্রাধিকার ভিত্তিতে তাদের পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে।
- কনসুলেট অফিস বাসেলোনায় সরাসরি হাজির হয়ে সিরিয়াল গ্রহণ করতে হবে। ১৬.১০.২০১৭ তারিখ সোমবার সকাল ১০ টা হতে সিরিয়াল প্রদান করা হবে।
- ২০.১০.২০১৭ তারিখ শুক্রবার কনসুলেট অফিস বাসেলোনায় শুধুমাত্র সিরিয়াল গ্রহণকারীদের পাসপোর্টের এনরোলমেন্ট করা হবে। অন্যান্য সেবা সমূহ ২১.১০.২০১৭ তারিখ শনিবার প্রদান করা হবে।
- পাসপোর্টের এনরোলমেন্টের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে হাজির থাকতে হবে।

বিস্তারিত প্রোগ্রাম পরবর্তী পাতায়

তারিখঃ ২০.১০.২০১৭ শুক্রবার

স্থানঃ Calle de Londres, 35, 08029 Barcelona (Consulate Office)

সময়ঃ সকাল ১০:০০ টা হতে বিকাল ৬:০০ টা।

সেবাসমূহঃ সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা – মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট
দুপুর ২:০০ টা হতে দুপুর ৩:০০ টা – বিরতি
দুপুর ৩:০০ টা হতে বিকাল ৬:০০ টা - মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট

তারিখঃ ২১.১০.২০১৭ শনিবার

স্থানঃ Centro Cívic, Calle Viladomat n° 2-8, 08015, Barcelona

সময়ঃ সকাল ১০:০০ টা হতে বিকাল ৬:০০ টা।

সেবাসমূহঃ সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা – কনস্যুলার সেবা প্রদান (মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ, পাসপোর্ট বিতরণ, ট্রাভেল পারমিট প্রদান, এনভিআর এর আবেদন গ্রহণ, কাগজপত্র সত্যায়ন প্রভৃতি)
দুপুর ২:০০ টা হতে দুপুর ৪:০০ টা – বিরতি
দুপুর ৪:০০ টা হতে বিকাল ৬:০০ টা - কনস্যুলার সেবা প্রদান (মেশিন রিডেবল পাসপোর্টের এনরোলমেন্ট, ০৬ বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ, পাসপোর্ট বিতরণ, ট্রাভেল পারমিট প্রদান, এনভিআর এর আবেদন গ্রহণ, কাগজপত্র সত্যায়ন প্রভৃতি)

- বিকাল ৫:০০ টা হতে বিকাল ৬:০০ টা – পাসপোর্ট সংক্রান্ত সমস্যা নিয়ে আলোচনা।
- বিতরণযোগ্য পাসপোর্টের তালিকার জন্য অয়েবসাইটঃ www.bangladeshembassy.es
- কনস্যুলার সেবা প্রদানের জন্য দূতাবাস সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে।

কর্তৃপক্ষ

বাংলাদেশ দূতাবাস
মাদ্রিদ, স্পেন

জরুরী বিজ্ঞপ্তি

নং : এমআরডি/মাদ্রিদ/কনসুলার/২০১৭

তারিখঃ ০৬.১০.২০১৭

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০.১০.২০১৭ তারিখ শুক্রবার এবং ২১.১০.২০১৭ তারিখ শনিবার বাসেলোনা এবং এর আশেপাশের এলাকায় বসবাসরত বাংলাদেশীদের মাঝে কনসুলার সেবা প্রদান করা হবে বিধায়, আগামী ২০.১০.২০১৭ তারিখ, শুক্রবার বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ হতে পাসপোর্ট বিতরণ (ডেলিভারী) বন্ধ থাকবে। এ বিষয়ে দূতাবাস সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে।

কর্তৃপক্ষ